


বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা

নং-সংস্থা/শ-৪০/রে- ৪৬১ (১০০০)

তারিখ : ২০-৭-১৪

শোক বার্তা

আমরা গভীর দুঃখের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের অধ্যাপক ডঃ এম. এ. মতিন গত বৃহস্পতিবার (১৭ জুলাই ২০১৪) সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে বুয়েটের চাকেশ্বরী শিক্ষক আবাসিক এলাকাস্থ বাসায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ----- রাজেউন)।

তিনি এই বিশ্ববিদ্যালয়ে ১৯৮১ সালে শিক্ষকতার পেশায় যোগদান করেন, সর্বশেষ সিলেকশন গ্রেড প্রাপ্ত অধ্যাপক ছিলেন। তিনি দীর্ঘ সাড়ে তিন দশক ধরে অধ্যাপনার পাশাপাশি বুয়েটের বিভাগীয় প্রধান, ডীন, সেন্টার ফর এনার্জি স্টাডিজের পরিচালকসহ বিভিন্ন প্রশাসনিক পদে দায়িত্ব পালন করে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক যন্ত্রকে যুগোপযোগী করার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেন। এছাড়াও তিনি রাষ্ট্রীয় পর্যায়ে বিদ্যুৎ সেক্টরসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পর্যায়ের কমিটিতে কাজ করেছেন।

তাঁর মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাভিভূত। তার পরিবারের সকলের সাথে আমরা সকলে সমব্যথিত। আমরা সবাই প্রার্থনা করিতেছি যে, তার পরিবারের সদস্য ও আত্মীয়স্বজনরা যেন দ্রুত শোক কাটিয়ে উঠতে পারে।

শুক্রবার (১৮ জুলাই ২০১৪) বাদ ফজর বুয়েট কেন্দ্রীয় মসজিদে মরহুমের নামাজের জানাজা অনুষ্ঠিত হয়। পরে মরহুমের মৃতদেহ তাঁর নিজ বাড়ী কুমিল্লা সদর উপজেলার বানীপুর গ্রামে নিয়ে দ্বিতীয় জানাজা শেষে পারিবারিক কবরস্থানে সমাহিত করা হয়েছে। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৪ বছর। তিনি স্ত্রী, এক পুত্র, এক কন্যা ও বহু গুণগ্রাহী বন্ধু বান্ধব রেখে গেছেন।

(প্রফেসর ডঃ এ. কে. এম. মাসুদ)
রেজিস্ট্রার (অঃ দাঃ)
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০।

all teachers

BANGLADESH UNIVERSITY OF ENGINEERING AND TECHNOLOGY, DHAKA-1000, BANGLADESH.
FAX : 880-2-8613046, 880-2-8613026, Telephone : 9665650-80, 8616833-38, 8614640-44, 8618344-49

E-mail : regtr@regtr.buet.bd